Bangladesh

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা।
(এনফোর্সমেন্ট শাখা)
www.brta.gov.bd

## ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা নৈতিকতা কমিটির সভার (৪র্থ প্রান্তিক) কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | নুর মোহাম্মদ মজুমদার<br>চেয়ারম্যান, বিআরটিএ। |
| সভার তারিখ | ঃ | ২৪.০৫.২০২২ খ্রিঃ |
| সময় | ঃ | সকাল ১১.৩০ টা |
| সভার স্থান | ঃ | বিআরটিএ-র সম্মেলন কক্ষ, ঢাকা। |

সভায় উপস্থিত সদস্যদের তালিকাঃ পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপপরিচালক (এনফোর্সমেন্ট) ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা ও বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। তিনি উপস্থিত সদস্যদের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বিষয় আলোচনায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। সভায় নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিষয় | আলোচনা জানান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | বিগত সভার (৩য় প্রান্তিক) কার্যবিবরণী অনুমোদন | উপপরিচালক (এনফোর্সমেন্ট) বিগত ০২.০৩.২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৩য় প্রান্তিকের সভার কার্যবীবরণী পাঠ করে শুনান। | কোন আপত্তি/সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। | সচিব/ পরিচালক (সকল) বিআরটিএ |
| ২. | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ৪র্থ কোয়ার্টারে নৈতিকতা কমিটির একটি সভা করার বাধ্যবাধকতা রয়েছে এবং সভার ১০০% সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে ও বাস্তবায়ন অগ্রগতি প্রমাণকসহ এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | সচিব/ পরিচালক (সকল) বিআরটিএ |
| ৩. | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ৪র্থ কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে একটি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী জরুরী ভিত্তিতে সভা আয়োজনের নির্দেশনা প্রদান করেন। | জরুরী ভিত্তিতে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) |
| ৪. | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনঃ<br>ক) সরকারী কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮; সরকারী কর্মচারী আচরণ বিধিমালা, ১৯৭৯ ও সরকারী চাকরী আইন, ২০১৮<br>খ) সচিবালয় নির্দেশমালা, ২০১৪; ই নথি; তথ্য অধিকার আইন, ২০০৯ ও সংশ্লিস্ট বিষয়সমূহ | সভায় পরিচালক (প্রশিক্ষণ) জানান যে, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট বিষয়ে নির্ধারিত সময়ে অর্থাৎ আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে প্রশিক্ষণ আয়োজন করা হবে।<br>সভাপতি নির্ধারিত সময়েরপূর্বেই প্রশিক্ষণ আয়োজনের নির্দেশনা দেন। | ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সংশ্লিষ্ট বিষয়ের প্রশিক্ষণ আগামী ৩০ জুন, ২০২২ তারিখের মধ্যে আয়োজন করতে হবে এবং ৪র্থ প্রান্তিকে অনুষ্ঠিত প্রশিক্ষণের প্রমাণক (নোটিশ, হাজিরা শীট, সম্মানী ভাতার শীট ও ছবি ইত্যাদি) এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ) বিআরটিএ |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা জানান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৫. | অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড স্যানিটাইজার এর ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) বিষয়ে পরিবীক্ষণ। | উপপরিচালক (প্রশাসন) সভায় জানান যে, অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের (মাস্ক পরিধান, হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা, সাবান দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা, ওয়াশ রুম পরিচ্ছন্ন থাকা) বিষয়ে গত এপ্রিল ও মে মাসে দৈবচয়ন ভিত্তিতে যথাক্রমে ২৪ এপ্রিল/২০২২ ও ২৪ মে/২০২২ তারিখ পরিদর্শন করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের বিষয়ে জুন/২০২২ মাসে একদিন দৈবচয়ন ভিত্তিতে পরিদর্শন করা হবে।<br>সভাপতি অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণ এবং পরিস্কার পরিচ্ছন্নতার বিষয়ে লক্ষ্যমাত্রার চেয়ে অধিকতর পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। | ৪র্থ প্রান্তিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী অফিসে প্রচলিত স্বাস্থ্যবিধি অনুসরণের বিষয়ে জুন/২০২২ মাসে একদিন দৈবচয়ন ভিত্তিতে পরিদর্শন এবং লক্ষ্যমাত্রার চেয়ে অধিকতর পরিদর্শন করতে হবে। প্রমানকসমূহ এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) বিআরটিএ |
| ৬. | অব্যবহৃত অকেজো মালামাল বিক্রয়/ বিনষ্টকরণ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টারে আগামী ৩০ জুন/২০২২ এর মধ্যে অব্যবহৃত অকেজো মালামাল বিক্রয়/বিনষ্টকরণের লক্ষ্যমাত্রা রয়েছ।<br>সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে অব্যবহৃত অকেজো মালামাল বিক্রয়/বিনষ্টকরণের নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে অব্যবহৃত অকেজো মালামাল বিক্রয়/বিনষ্টকরণ করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) বিআরটিএ |
| ৭. | পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টারে আগামী ৩০ জুন/২০২২ এর মধ্যে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার নির্দেশনা প্রদান করেন। | আগামী ১৫ দিনের মধ্যে পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে। | উপপরিচালক (প্রশাসন) বিআরটিএ |
| ৮. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ প্রান্তিকের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ে ও মহাসড়ক বিভাগে প্রেরণ এবং বিআরটিএ-র ওয়েবসাইটে আপলোড করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ৪র্থ প্রান্তিকের ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নির্ধারিত সময়ে ও মহাসড়ক বিভাগে প্রেরণ করতে হবে। ওয়েবসাইটে আপলোডের প্রমাণক এনফোর্সমেন্ট শাখায় প্রেরণ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) প্রোগ্রামার বিআরটিএ |
| ৯. | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ এর ৪র্থ কোয়ার্টারে আগামী ৩০ জুন/২০২২ এর মধ্যে শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে।<br>সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার পুরস্কার নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার পুরস্কার নীতিমালা অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | পরিচালক (প্রশাসন)/ প্রোগ্রামার বিআরটিএ |
| ১০. | ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ৫০০ টি অভিযান পরিচালনার জন্য ৪র্থ কোয়ার্টারে লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ৪র্থ কোয়ার্টারে এপ্রিল ও মে (২২ তারিখ পর্যন্ত) - ২০২২ পর্যন্ত ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ২৪৭ টি অভিযান পরিচালনা করা হয়েছে।<br>সভাপতি লক্ষ্যমাত্রা অনুযায়ী কর্মপরিকল্পনা গ্রহণ করে লক্ষ্যমাত্রা অর্জনের তাগিদ প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অর্জনে নির্ধারিত সময়ে ভ্রাম্যমাণ আদালত কর্তৃক অভিযান পরিচালনা করতে হবে। প্রয়োজনীয়তার নিরিখে অভিযান সংখ্যা বৃদ্ধি করতে হবে। প্রয়োজনে শনিবার দিন অভিযান অব্যাহত রাখতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট) বিআরটিএ |

| ক্রঃ নং | বিষয় | আলোচনা জানান | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১১. | বিআরটিএ'র সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, বিআরটিএ কর্তৃক ৪র্থ কোয়ার্টারে ৬০টি সেবা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের লক্ষ্যমাত্রা রয়েছে। ৪র্থ কোয়ার্টারে এপ্রিল ও মে (২২ তারিখ পর্যন্ত) - ২০২২ পর্যন্ত ৫৫টি সেবা বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। সভাপতি জনসচেতনতা, সতর্কতা, ডিজিটাল সেবা এবং অন্যান্য সেবামূলক বিজ্ঞপ্তি প্রচারের নির্দেশনা প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্ধারিত সময়ে সেবা বিজ্ঞপ্তি সংক্রান্ত প্রকাশ করতে হবে। | পরিচালক (এনফোর্সমেন্ট বিআরটিএ |
| ১২. | ড্রাইভিং লাইসেন্স ও মালিকানা বদলী সেবাসমূহ সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা | সভায় উপপরিচালক (এনফোর্সমেন্ট) জানান যে, ড্রাইভিং লাইসেন্স ও মালিকানা বদলী সেবাসমূহ সহজীকরণ সংক্রান্ত একটি বিশেষ সভা ৪র্থ কোয়ার্টারে আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। সভাপতি নির্ধারিত সময় পূর্বে সেবা সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা আয়োজনের জন্য নির্দেশনা প্রদান করেন। | লক্ষ্যমাত্রা অনুযায়ী আগামী ২৬/০৬/২০২২ তারিখের পূর্বে সেবা সহজীকরণ সংক্রান্ত বিশেষ সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (ইঞ্জিনিয়ারিং বিআরটিএ |

সভায় আলোচনা ও সিদ্ধান্ত হয় যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের বিষয়টি বিভিন্ন শাখা সংশ্লিষ্ট আগামী ২৬/০৬/২০২২ তারিখের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট শাখা হতে সংশ্লিষ্ট পরিচালক/সচিব বরাবর ইউ নোট প্রেরণ করবে।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/৫/২২

(নুর মোহাম্মদ মজুমদার)
চেয়ারম্যান
ফোনঃ ৫৫০৪০৭১১

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০২.৫০.০০৮.১৯- ৬৫৪ 　　　　তারিখ ঃ　 -০৫-২০২২ খ্রিঃ।

বিতরণঃ

১। সচিব/পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট) বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
২। পরিচালক (ইঞ্জিনিয়ারিং/অপারেশন/রোড সেফটি/প্রশিক্ষণ) বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।
৩। প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা।

অনুলিপিঃ

১। চেয়ারম্যান মহোদয়ের এর একান্ত সচিব, সদর কার্যালয়, বিআরটিএ, বনানী, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।

২৯/০৫/২২

(মোঃ হেমায়েত উদ্দিন)
উপপরিচালক (এনফোর্সমেন্ট)
ফোনঃ ৫৮১৫৪৭০২২